

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.৯৯.০০২.১৫(অংশ-১)- ৬৯৬

তারিখ : ২২ কার্তিক, ১৪২৪ বঙ্গাব্দ।
০৬ নভেম্বর, ২০১৭ খ্রিঃ।

বিষয় : ইউনিয়ন পরিষদ সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা গাইড লাইন ২০১৭ এর উপর মতামত প্রদান।

সূত্র: পানি সম্পদ মন্ত্রণালয়ের পত্র নং-১২৬, তারিখঃ ১৩ মার্চ, ২০১৭ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত ইউনিয়ন পরিষদ সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা গাইড লাইন ২০১৭ এর উপর ইউনিয়ন পরিষদ অনুবিভাগের মতামত নির্দেশক্রমে নিম্নোক্তভাবে প্রদান করা হলোঃ

ক্রমিক	অনুচ্ছেদ	বিধির সংক্ষিপ্ত বিবরণ	স্থানীয় সরকার বিভাগে মন্তব্য
১.	দ্বিতীয় অধ্যায় অনুচ্ছেদ-৭ (ঘ)	নিরাপদ সীমা অতিক্রম করে এমন---উত্তোলন করা	“নিরাপদ সীমা অতিক্রম করে এমন মাত্রায় আর্সেনিক বা অনুরূপ কোন ক্ষতিকর পদার্থ মিশ্রিত পানি খাবার নিমিত্তে ভূগর্ভ হইতে উত্তোলনের পর পরিশোধন ব্যতীত সরবরাহ করা” এ প্রতিস্থাপন করা যেতে পারে।
২.	৭ (ঙ)	ক্ষতিকারক ব্যাকটেরিয়া --- সরবরাহ করা	“ক্ষতিকারক ব্যাকটেরিয়া বা অন্য কোন জীবাণু সংক্রমিত পানি খাবার জন্য উত্তোলন পর পরিশোধন/জীবাণুমুক্তকরণ ব্যতিরেকে সরবরাহ করা” এ প্রতিস্থাপন করা যেতে পারে।
৩.	৭ (ঝ)	বর্জ্য পানি বা মলমূত্র--- নিষ্কাশন করা বা ফেলা	“বর্জ্য পানি মলমূত্র সেপটিক ট্যাংক, সোকওয়েল কিংবা কোন স্বাস্থ্যসম্মত নিষ্কাশন পদ্ধতি ব্যতীত রাস্তায় বা উন্মুক্ত স্থানে বা জলাধারে নিষ্কাশন করা বা ফেলা” এ প্রতিস্থাপন করা যেতে পারে।
৪.	৮(ক)	পানীয় জল বা গৃহস্থালীর কাজে ব্যবহৃত মোটরচালিত পাম্প	পানীয় জল বা গৃহস্থালীর কাজে ব্যবহৃত সাবমারসিবল পাম্প/সোলার পাম্প কে লাইসেন্সের আওতার বাইরে রাখা উচিত।
৫.	৯	নিম্নবর্ণিত পেশাজীবীগণকে --- গ্রহণ করিতে হইবে	ট্রেড লাইসেন্স এ বিষয়টি আরও স্পষ্টিকরণ প্রয়োজন। এক ইউনিয়ন পরিষদ হতে ট্রেড লাইসেন্স গ্রহণ করা হলে, একই জেলার বা উপজেলার অন্য ইউনিয়ন পরিষদে তা কার্যকর হবে কিনা সেটা পরিষ্কারভাবে বর্ণনা করা দরকার। অন্যথায়, জটিলতা এড়াতে বর্ণিত ট্রেড লাইসেন্স ও রেজিঃ সনদ জেলা পরিষদ কর্তৃক প্রদান করা যেতে পারে।
৬.	অনুচ্ছেদ-৯(ঙ)	গভীর/অগীর.নলকূপ	অগীর নলকূপের স্থলে অগভীর নলকূপ প্রতিস্থাপিত হবে।
৭.	১২ (ঝ)	ভূগর্ভস্থ পানি স্তর পুনর্ভরণ	“ভূগর্ভস্থ পানি স্তর পুনর্ভরণ” বিষয়টি সম্পূর্ণ টেকনিক্যাল যা বর্তমানে গবেষণা পর্যায়ে শুরু হয়েছে। বিষয়টি ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। এ সংক্রান্ত বিষয়ে অনুশীলনে অনাপত্তি পত্র গ্রহণ বা অন্য কোন বিধিনিষেধ আরোপের পরিবর্তে বরং অনুপ্রেরণা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা যুক্তিযুক্ত হবে। তবে বিষয়টি টেকনিক্যাল ও জটিল এবং ইউনিয়ন/উপজেলা পর্যায়ে দক্ষ ও অভিজ্ঞ লোকবল পাওয়া যথেষ্ট দুষ্কর হওয়ায় বিষয়টি জেলা পরিষদের এখতিয়ারে আনা যেতে পারে।

৮.	অনুচ্ছেদ-১৩(১)	সংশ্লিষ্ট ইউসিয়স পানি সম্পদ.....	সংশ্লিষ্ট ইউসিয়স এর স্থলে সংশ্লিষ্ট ইউনিয়ন প্রতিস্থাপিত হবে।
৯.	১৪	সেবার মূল্য নির্ধারণ	প্রাথমিকভাবে নামমাত্র মূল্যে সেবা প্রদান করা যুক্তিযুক্ত হবে এবং বাস্তবতার নিরিখে পর্যায়ক্রমে সেবার মূল্যহার বাড়ানো যেতে পারে।
১০.	অনুচ্ছেদ-১৪(১)	সেবার মূল্য নির্ধারণ করে দেওয়া হয়েছে	সেবার মূল্য কর তফসীলের সাথে সাংঘর্ষিক এর বিষয়টি পর্যালোচনা করা প্রয়োজন।
১১.	অনুচ্ছেদ-১৭(১)	ইউনিয়নের পানি সম্পদ ব্যবস্থাপনা কমিটি	কমিটিতে ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাকে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা যেতে পারে।
১২.	অনুচ্ছেদ-১৮(৫)	কমিটির মোট সদস্যের এক তৃতীয়াংশের উপস্থিতিতে সভার কোরাম পূরণ হইবে.....	সভার কোরাম পূরণে কমপক্ষে দুইজন কারিগরি সদস্যের উপস্থিতির বিষয়টি রাখা যেতে পারে।
১৩.	তৃতীয় অধ্যায় অনু: ২১ (৪)	ক্ষতিপূরণের পরিমাণ "গ্রাম আদালত আইন, ২০০৬"--- প্রশমন করার ব্যবস্থা করিবার ব্যবস্থা গ্রহণ করিবেন।	গ্রাম আদালতের তফসীল এবং সরকারি পাওনা আইন ১৯১৩ এর তফসীলে এ সংক্রান্ত ক্ষতিপূরণ আদায়ের বিষয়টি আছে কিনা তা পর্যালোচনা করা প্রয়োজন।
১৪.	পঞ্চম অধ্যায় ২৯ (৩)	সরকারি বেসরকারী সংস্থার নিকট---সময় হালনাগাদ করিবে	ডাটাবেজ নির্মাণের ক্ষেত্রে কীভাবে/কোথায় পানির গুণগতমান পরীক্ষা করা হবে, সে বিষয়ে পরিস্কার করা প্রয়োজন।
১৫.	২৯ (৪)	পরিষদের নিকট হইতে নির্ধারিত ফি/মূল্য পরিশেরোধপূর্বক আবেদন (ফরম-৬) করিতে হইবে	নির্ধারিত ফি নামমাত্র হওয়া যুক্তিযুক্ত তবে ডাটাবেজ প্রতিষ্ঠানের প্রথম কিছু বছর সাধারণ তথ্যসমূহ সকলের জন্য উন্মুক্ত রাখা উচিত।
১৬.	৩৮(১)	এই গাইডলাইনের উদ্দেশ্য-- মূল্য নির্ধারণ করতে হইবে	"ভূগর্ভস্থ পানি ব্যবহার করে সেচ ব্যতীত অন্যান্য কাজে পানির মূল্য নির্ধারণ করিতে হইবে" এর স্থলে লেখা যায় "ভূগর্ভস্থ পানি ব্যবহার করে সেচ ও খাবার উদ্দেশ্য ব্যবহার ব্যতীত অন্যান্য কাজে পানির মূল্য নির্ধারণ করিতে হইবে"।
১৭.	অনুচ্ছেদ-৩৮(৫)	পানির মূল্য নির্ধারণ ও এ সংক্রান্ত দ্বন্দ্ব নিরসনের জন্য ইউনিয়ন পানি সম্পদ ব্যবস্থাপনা কমিটি বা গ্রাম আদালতে অভিযোগ দায়ের করা যাইবে.....	পানির মূল্য নির্ধারণ ও এ সংক্রান্ত দ্বন্দ্ব নিরসনে গ্রাম আদালতের তফসীলে অন্তর্ভুক্ত নয় বিধায় গ্রাম আদালতের বিষয়টি বাদ দেয়া প্রয়োজন।
১৮.	ফরম ১, ৪, ৫, ৬ ও ৯	আবেদন ও অঙ্গীকারনামা	আবেদনকারীর ও অঙ্গীকারকারীর মোবাইল নম্বরসহ আবেদন/অঙ্গীকার করার বিষয়টি রাখা যেতে পারে।

(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব

☎ ৯৫৮৬৬০৫

Email : lgup1@lgd.gov.bd

সচিব

পানি সম্পদ মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি :

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।